কালের কণ্ঠ

তারিখ: 17 DEC 2017
পৃষ্ঠা: ১৭ কলাম: ১

## মাওলানা ভাসানী বিশ্ববিদ্যালয়

# ভর্তির সাক্ষাৎকার ৬ ও ৭ জানুয়ারি

**টাঙ্গাইল প্রতিনিধি ▷**

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সব ইউনিটের ফল রবিবার ভোরে প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ইউনিটভিত্তিক বিষয় নির্ধারণে সাক্ষাৎকার আগামী ৬ ও ৭ জানুয়ারি অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, গ্রেডসিট, মূল রেজিস্ট্রেশন কার্ড ও অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে থাকলে তার প্রমাণপত্র সঙ্গে আনতে হবে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, আগামী ৬ জানুয়ারি সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে প্রকাশিত তালিকা অনুযায়ী আগামী ৭ ও ৮ জানুয়ারি বিকেল ৩টার মধ্যে ভর্তি হতে হবে। আসন খালি থাকা সাপেক্ষে ৬ ও ৭ জানুয়ারি সাক্ষাৎকারে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে আগামী ৯ ও ১০ জানুয়ারি বিকেল ৩টার মধ্যে ভর্তি হতে হবে। সব কোটার পরীক্ষার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে আগামী ১৪ জানুয়ারি। কোটার পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কাগজপত্রসহ নির্ধারিত ফরমে কোটা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আলাউদ্দিন বরাবর আবেদন করতে হবে। সাক্ষাৎকারে উপস্থিত সব কোটার মেধার ভিত্তিতে নির্বাচিত ছাত্রছাত্রীদের আগামী ১৫ জানুয়ারি ভর্তি হতে হবে।